**9 POSDCORB কি?**

**Ans:** ♦ POSDCORB-এর উদ্ভাবক হলেন লুথার গ্যালিক।

♦ তিনি হেনরি ফেওয়লের পরিচালন সংক্রান্ত পাঁচটি ধারণার বিকাশ ঘটিয়ে 7 প্রকার প্রশাসনিক ক্রিয়াকর্মকে চিহ্নিত করেন। আর এই সাত প্রকার ক্রিয়া বা কার্যকে 7টি শব্দের দ্বারা তিনি ব্যাখ্যা করেন—

[1] P - Planning বা পরিকল্পনা

[2] O - Organizing বা সংগঠিত করা

[3] S - Staffing বা কর্মীবৃন্দ

[4] D - Directing বা নির্দেশদান

[5] Co - Co - ordination বা সমন্বয় সাধন

[6] R - Reporting বা প্রতিবেদন পেশ এবং

[7] B - Budgeting বা বাজেট

**10 Luther Gullick প্রণীত একটি গ্রন্থের নাম লেখ।**

**Ans:** "Politics, Administration and the New Deal".

◆ **NOTE:**

**POSDCORB**

❖ P : পরিকল্পনা বলতে লক্ষ্য চরিতার্থ করার উদ্দেশ্যে সুনির্দিষ্ট কাজকে চিহ্নিত করা এবং কাজের পদ্ধতি স্থির করা।

❖ O : কর্তৃত্বের আনুষ্ঠানিক কাঠামো প্রতিষ্ঠা করে সুনির্দিষ্ট লক্ষের প্রেক্ষিতে কাজের বিভাজন ও সমন্বয় সাধন করা।

❖ S : সকল কর্মীদের প্রশিক্ষিত করা এবং কার্যের অনুরূপ শর্তাদি বজায় রাখা।

❖ D : যেকোনো উদ্যোগে ধারাবাহিক সিদ্ধান্ত প্রণয়ণ এবং বিশেষ ও সাধারণ নির্দেশ দেওয়া ও নেতৃত্ব প্রদানকে গুরুত্ব দেওয়া।

❖ Co : সংগঠনের বিভিন্ন কাজের আন্তঃসম্পর্ককে সংহত রূপ দেওয়া।

❖ R : উর্দ্ধতন কর্তৃপক্ষকে নথি ও পর্যবেক্ষণ দিয়ে অবহিত করা।

❖ B : আঙ্কিক পরিকল্পনা, হিসেব নিকাশ এবং তার নিয়ন্ত্রণের পূর্ণাঙ্গ প্রয়োগ ঘটানো।

**11 কর্মী নিয়োগের ক্ষেত্রে লুথার গ্যালিকের পাঁচ ধরণের পরিষেবাগুলি কি কি?**

**Ans:** ♦ পরিষেবার গুরুত্ব বিচার করে লুথার গ্যালিক 5 ধরণের কর্মী নিয়োগের কথা উল্লেখ করেন। যথা—

[1] অদক্ষ পরিষেবা

[2] বাণিজ্যিক দক্ষতা বিষয়ক পরিষেবা

[3] করণিক পরিষেবা

[4] বৃত্তিগত ও কৃৎ কৌশলগত পরিষেবা

[5] প্রশাসনিক পরিষেবা

**12 লুথার গ্যালিক জনপ্রশাসনকে কোন দৃষ্টিভঙ্গিতে বিশ্লেষণ করেছেন?**

**Ans:** পরিচালনগত দৃষ্টিভঙ্গিতে।

**13 লুথার গ্যালিক-এর প্রশাসনিক দৃষ্টিভঙ্গি বিষয়ভিত্তিক না কৌশলগত?**

**Ans:** কৌশলগত।

◆ **NOTE :**

❖ লুথার গ্যালিক প্রশাসনিক সংগঠনের ক্ষেত্রে 10টি সাংগঠনিক নীতির উল্লেখ করেন। যথা—

[1] শ্রমবিভাজন বা বিশেষায়ণ

[2] উদ্দেশ্য, ভোক্তা ও স্থানের প্রেক্ষিতে বিভাগীকরণ;

[3] স্তরবিন্যাসের প্রেক্ষিতে সমন্বয়;

[4] চিন্তা-ভাবনার প্রেক্ষিতে সমন্বয়;

[5] কমিটি সমূহের প্রেক্ষিতে সমন্বয়;

[6] বিকেন্দ্রীকরণ;

[7] আদেশ বা নির্দেশের ঐক্য;

[8] স্টাফ ও লাইন

[9] ক্ষমতা অর্জন

[10] নিয়ন্ত্রণের পরিধি

❖ অবশ্য, এগুলির মধ্যে তিনি শ্রমবিভাজন বা বিশেষায়ণের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।

**14 কোন জীববিজ্ঞানীর আলোচনা থেকে জনপ্রশাসনে ব্যবস্থা বিশ্লেষণমূলক পদ্ধতির সূত্রপাত বা ব্যবহার হয়?**

**Ans :** জীববিজ্ঞানী লডহিগ ভন্ বার্টালানফাই।

**15 POSDCORB -এর উদ্ভাবক কে?**

**Ans :** লুথার গ্যালিক।

**16 POSDCORB তত্ত্বটি জনপ্রশাসনের কোন দৃষ্টিভঙ্গি থেকে জন্ম নেয়?**

**Ans :** জনপ্রশাসনের কাঠামোগত দৃষ্টিভঙ্গি থেকে।

**17 জনপ্রশাসনের কাঠামোর দৃষ্টিভঙ্গির দু-জন প্রবক্তার নাম উল্লেখ কর।**

**Ans :** এল.ডি. হোয়াইট এবং ডব্লিউ. এফ. উইলোবি।

**18 জনপ্রশাসনের একজন ব্যবস্থাজ্ঞাপক দৃষ্টিভঙ্গির প্রবক্তার নাম উল্লেখ কর।**

**Ans :** Mary Parker Follett (মেরী পার্কার ফলেট)।

**19 Onward Industry (1930-31) গ্রন্থের রচয়িতা কে?**

**Ans :** মুনে ও রেইলি।

**20 "Human Nature in Politics" (1908) গ্রন্থের প্রণেতা কে?**

**Ans :** গ্রাহাম ওয়ালস।

**21 The process of Government (1908) গ্রন্থটির লেখক কে?**

**Ans :** আর্থার বেন্টলী।

**22 Papers on the Science of Administration গ্রন্থটির লেখকদ্বয় কারা এবং এটি কবে প্রকাশিত হয়?**

**Ans :** ♦ লুথার গ্যালিক ও লিন্ডাল আরউইক।

♦ 1937 খ্রীঃ।

**23 Unity of Command বা আদেশের ঐক্য বলতে কি বোঝায়?**

**Ans :** প্রশাসনিক সংগঠনে "Unity of Command" বা "আদেশের ঐক্যে"-র নীতি অনুসারে একজন কেবলমাত্র তাঁর উর্দ্ধতন একটি কর্তৃপক্ষের নিকট থেকে আদেশ গ্রহণ করবে। অর্থাৎ একজন কর্মী কেবলমাত্র একজন কর্তার অধীনে তথা নেতার অধীনে কার্য্য করবে।

- ❖ Unity of Command বলে যে একজন কর্মচারীকে কেবলমাত্র একজন ব্যক্তির নিকট জবাবদিহি করতে হবে।
- ❖ Unity of Command বলতে একটি প্রতিষ্ঠানের প্রতিটি ব্যক্তিকে শুধুমাত্র একজন ব্যক্তির নিকট থেকে আদেশ নিতে হবে এবং Report করতে হবে।

**24 লুথার গ্যালিক ও লিন্ডাল আরউইকের একজন কঠোর সমালোচকের নাম উল্লেখ কর।**

**Ans :** H.A. Simon

**◆ NOTE :**

**Lyndal Uriwick : (1891 - 1983)**

- ❖ ব্রিটিশ চিন্তাবিদ লিন্ডাল আরউইক 1891 সালে জন্মগ্রহণ করেন। তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের New college থেকে ইতিহাসে স্নাতক ডিগ্রী অর্জন করেন এবং পারিবারিক ব্যবসায় যোগ দেন।
- ❖ অবশ্য, প্রথম বিশ্বযুদ্ধের সময় তিনি সেনাবাহিনীতে যোগদান করেন এবং মেজর পদে উন্নীত হন। পরবর্তী সময়ে তিনি আবার পুরানো বৃত্তি বা পেশাতে ফিরে যান।
- ❖ তিনি 1928 সালে "International Institute of Management" এর ডিরেক্টর পদে নিযুক্ত হন। অতঃপর তিনি অস্ট্রেলিয়াতে বসবাস শুরু করেন এবং তিনি 1983 সালে প্রয়াত হন।

**লিন্ডাল আরউইক সংগঠন পরিচালনার ক্ষেত্রে ১০টি নীতি উল্লেখ করেন, সেগুলি নিম্নরূপ ঃ**

[1] Principle of objective বা লক্ষ্যভিত্তিক নীতি
[2] Principle of Specialisation বা বিশেষীকরণের নীতি
[3] Principle of Co-ordination বা সমন্বয়ের নীতি
[4] Principle of authority বা কর্তৃপক্ষের নীতি
[5] Principle of responsibility বা দায়িত্বশীলতার নীতি
[6] Principle of definition বা সুনির্দিষ্টকরণের নীতি
[7] Principle of correspondence বা তথ্যপ্রেরণের নীতি
[8] Span of Control বা নিয়ন্ত্রণের পরিধি
[9] Principle of balance বা ভারসাম্যের নীতি
[10] Principle of Continuty বা ধারাবাহিকতার নীতি

**25 Lyndal L Urwick প্রণীত দুটি গ্রন্থের নাম উল্লেখ কর।**

**Ans :** [1] The Elements of Administration (1944)
[2] Management of Tomorrow (1933)
[3] The Golden Book of Management (1956)
[4] The Making of Scientific Management, (1953).

**26 ক্ষমতা অর্জন সম্পর্কে আরউইকের ধারণাটি সংক্ষেপে উল্লেখ কর।**

**Ans :** ক্ষমতা অর্জনকে লুথার গ্যালিক ও লিন্ডাল আরউইক বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন। আরউইক মনে করেন যে, ক্ষমতা

অর্জনের কৌশল এবং সাহসিকতার অভাব সংগঠনে বিপর্যয় ডেকে আনতে পারে। তাই দায়িত্ব অর্জনের বিষয়টি মুখ্য প্রশাসনের অন্যতম দায়িত্ব।

আরউইকের মতে কর্তৃত্ব এবং দায়িত্বশীলতা সমপর্যায়ের এবং একই সীমানা বিশিষ্ট্য। অবশ্য, গ্যালিক ও আরউইক উভয়েই দায়িত্ব ও কর্তৃত্বের আদান প্রদানের কথা উল্লেখ করেছেন।

**27 Span of Control বা নিয়ন্ত্রণের পরিধি বলতে কি বোঝো?**

**Ans :** প্রশাসনিক নীতিসমূহের মধ্যে লুথার গ্যালিক ও লিন্ডল আরউইক Span of Control বা নিয়ন্ত্রণের পরিধির ওপর অত্যন্ত গুরুত্ব আরোপ করেন। একজন পরিদর্শকের ক্ষেত্রে সর্বাপেক্ষা ছয় জন অধীনস্থ কর্মীর বেশি কর্মীর ক্ষেত্রে নিয়ন্ত্রণ বজায় রাখা সম্ভব নয়। কেননা, পরিদর্শক কেবলমাত্র তাঁর অধীনস্থ কর্মীদের কাজের পরিদর্শনই করে না, তাদের বিভিন্ন আন্তঃসম্পর্কের ক্ষেত্রেও ভারসাম্য বজায় রাখেন।

একজন প্রশাসকের নিজের ব্যক্তিগত তদারকীর অধীনে অধস্তন কর্মী বা ইউনিটকে তাঁর "নিয়ন্ত্রণের পরিধি" রূপে গণ্য করা হয়।

> **◆ NOTE :**
>
> **F. Taylor : ফ্রেডরিক টেলর (1856 - 1915)**
>
> ❖ ফ্রেডরিক টেলরকে বৈজ্ঞানিক পরিচালন তত্ত্বের (Scientific Management Theory) জনক হিসাবে চিহ্নিত বা অভিহিত করা হয়।
>
> ❖ ফ্রেডরিক টেলর পরিচালন বলতে ব্যক্তির স্বাধীনভাবে বা গোষ্ঠীবদ্ধভাবে কাজের দ্বারা লক্ষ্যে পৌঁছানোর প্রক্রিয়াকে বুঝিয়েছেন।
>
> ❖ কিন্তু টেলর প্রথমে 'বৈজ্ঞানিক পরিচালন' কথাটি ব্যবহার করেন নি।
>
> ❖ 1911 সালে তাঁর Monograph-এর শিরোনামে "Principles of Scientific Management" কথাটি ব্যবহার করেন।

**28 F. Taylor প্রণীত বৈজ্ঞানিক পরিচালনতত্ত্বের নীতিগুলি উল্লেখ কর।**

**Ans :** ♦ এফ. টেলর বৈজ্ঞানিক পরিচালনতত্ত্বের চারটি মৌল নীতির উল্লেখ করেন।

♦ যথা — [1] প্রকৃত বিজ্ঞানের বিকাশ

[2] কর্মীদের বিজ্ঞানসম্মতভাবে নির্বাচন

[3] কর্মীদের বিজ্ঞানসম্মতভাবে শিক্ষার বিকাশ

[4] পরিচালক ও কর্মীদের মধ্যে আন্তরিক ও বন্ধুত্বপূর্ণ সহযোগীতা।

❖ এই নীতিগুলির সঠিক ও যথাযথ প্রয়োগ ঘটাতে টেলর তাঁর বৈজ্ঞানিক পরিচালনতত্ত্বের তিনটি বিষয়ে ওপর প্রদান করেন। যথা —

[1] Time and Motion study বা সময় ও গতির অনুসন্ধান এবং

[2] Wage incentive system বা মজুরি ও উৎসাহ পারিতোষিক ব্যবস্থা।

[3] Functional organization বা ক্রিয়ামূলক সংগঠন।

**29 বৈজ্ঞানিক পরিচালনতত্ত্বে উপস্থিত সূত্রগুলির উল্লেখ কর।**

**Ans :** [1] বিজ্ঞানের উপর নির্ভরতা

[2] সংহতি

[3] সহযোগিতা

[4] সর্বোত্তম উৎপাদন

[5] সর্বোত্তম দক্ষতা ও সমৃদ্ধির নিরিখে প্রত্যেক মানুষের বিকাশ।

**30 F. Taylor প্রণীত দুটি গ্রন্থের নাম লেখ।**

**Ans :** F.W. Taylor-এর গ্রন্থ ঃ

[1] The Principles of Scientific Management (1911)

[2] Shop Management (1903)

**31 Functions Foreman বা কার্যকরী পরিদর্শক বলতে টেলর কি বুঝিয়েছেন?**

**Ans :** সঠিক মান অনুযায়ী দ্রব্য সামগ্রী উৎপাদিত হয়েছে কিনা, তা বিশ্লেষণ করে দেখা।

**32 টেলরের কার্যকরী সংগঠনের ধারণা ব্যক্ত কর।**

**Ans :** ♦ F.W. Taylor কতকগুলি কার্যকরী পরিদর্শকদের কথা উল্লেখ করেন।

♦ যথা — [1] Gang Boss

[2] Speed Boss

[3] Inspection Foreman

এবং [4] Repair Boss

❖ সামগ্রিকভাবে, এদের দায়িত্ব হল পরিকল্পনাকে সঠিক ও যথায়থভাবে বাস্তবায়িত করা।

❖ Gang Boss- এর দায়িত্ব হল কাজ কে যথাযথভাবে সুনিশ্চিত করা।

❖ Instruction Card- কর্মীবৃন্দের নির্দেশ পত্র প্রদান এবং সংগঠনর কাজের প্রক্রিয়া গতিশীল রাখা।

❖ Speed Boss- লক্ষ্য করে যে, অনুমোদিত প্রক্রিয়ায় কাজটি সম্পন্ন হচ্ছে কিনা এবং এক্ষেত্রে ব্যর্থতা লক্ষ্য করলে তার কারণ অনুসন্ধান করে এবং নির্ধারিত সময়ের মধ্যে যাতে করে কাজটি সম্পন্ন করা যায়, তা প্রদর্শনের ব্যবস্থা করে।

❖ Inspection Foreman সঠিক মান অনুযায়ী দ্রব্যসামগ্রী উৎপাদিত হয়েছে কিনা তা বিশ্লেষণ করে দেখে।

❖ Repair Boss পারস্পরিক বোঝাপড়া, পরিচ্ছন্নতা এবং যন্ত্রাদির সুরক্ষার বিষয়টি দেখে থাকে।

❖ আরো উল্লেখ্য যে, Speed Boss যন্ত্রাদির মেরামত ও তত্ত্বাবধানের ওপর নজরদারি করে।

**33 সময় ও গতির সমীক্ষা সম্পর্কে টেলরের ধারণা সংক্ষেপে উল্লেখ কর।**

**Ans :** P.W. Taylor বৈজ্ঞানিক পরিচালনের ক্ষেত্রে সঠিক ও যথাযথ মান বজায় রাখার জন্য প্রয়োজন বৈজ্ঞানিক অনুসন্ধানের ভিত্তিতে সর্বোৎকৃষ্ট পদ্ধতি। আর এক্ষেত্রে তিনি সময় ও গতির সমীক্ষার কথা উল্লেখ করেন।

❖ তিনি মনে করেন যে, সময় ও গতির সমীক্ষায় যে সকল বিষয়গুলি গ্রহণ জরুরী, তা নিম্নরূপ ঃ

[1] কর্মীদের জন্য সর্বোৎকৃষ্ট পন্থা;

[2] নির্দিষ্ট কাজ প্রাথমিক এককে বিভাজিত হবে;

[3] অপ্রয়োজনীয় গতিবিধি পরিত্যাজ্য হবে;

[4] সঠিক দক্ষতার সর্বোৎকৃষ্ট পর্যায়কে বিবেচনা করা;

[5] সার্বিক দক্ষতার সর্বোৎকৃষ্ট পর্যায়কে বিবেচনা করা;

[6] কার্য্য সম্পাদানের সঠিক পদ্ধতি নির্ধারণ করা প্রয়োজন;

[7] নতুন কর্মীদের ক্ষেত্রে কাজ শেখার জন্য নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া উচিত।

[8] কর্মীদের দৈহিক ক্লান্তি ও অবসাদ দূর করার জন্য অতিরিক্ত সময় দেওয়া প্রয়োজন।

এইভাবে অর্জিত মান কিন্তু শর্ত সাপেক্ষে গৃহীত হয়। এই মানকে পরিবর্তন করা যাবে না যতক্ষণ পর্যন্ত কার্য সম্পাদনে নতুন পদ্ধতি আবিষ্কৃত হবে।

**◆ NOTE :**

**Max Weber (1864 - 1920)**

- ❖ Max Weber-এর সম্পূর্ণ নাম হল Maximilian Carl Emil Weber.
- ❖ তিনি তৎকালীন প্রাশিয়ার (বর্তমানে জার্মানী) Erfurt শহরে এক ধনী এবং রাজনৈতিক পরিবারে জন্মগ্রহণ করেন।
- ❖ তাঁর পিতা ডানপন্থী রাজনীতিবিদ ছিলেন। এবং জার্মানীর পার্লামেন্টের (Reichstay) সদস্য ছিলেন। এবং মাতা ছিলেন প্রোটেস্ট্যান্ট মতাবলম্বী একজন সংস্কৃতি মনস্ক মহিলা।
- ❖ শৈশবে ম্যাক্স ওয়েবার অসাধারণ মেধাবী হওয়া সত্ত্বেও শিক্ষকদের মূল্যায়ণে তাঁর নৈতিক পরিপূর্ণতা ও নিয়মানুবর্তিতার অভাব ছিল।
- ❖ 1882 সালে অর্থনীতি, দর্শন ও আইন নিয়ে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শুরু করেন। কিন্তু তিনটি semester-এর পর সামরিক বাহিনীতে Junior officer হিসাবে কাজে যোগদান করেন। আর এখানেই তাঁর মধ্যে আমলাতন্ত্রের ধারণার উন্মেষ বা উদ্ভব হয়।

**34 Max Weber-এর মতে কর্তৃত্বের উৎস কয়টি ও কি কি?**

**Ans :** ◆ তিনটি উৎস।

◆ যথা — [1] Traditional Authority অর্থাৎ সাবেকী কর্তৃত্ব।
[2] Charismatic Authority অর্থাৎ সম্মোহিনী কর্তৃত্ব
[3] Legal-rational Authority অর্থাৎ আইনসিদ্ধ যুক্তিবাদী কর্তৃত্ব।

**35 Traditional Authority বা সাবেকী কর্তৃত্ব বলতে কী বোঝায়?**

**Ans :** সাবেকী কর্তৃত্ব গড়ে ওঠে গৌরবময় অতীত ঐতিহ্যকে ভিত্তি বা কেন্দ্র করে। এখানে ব্যক্তি তাঁর কর্তৃত্ব প্রয়োগ করে বংশগত মর্যাদাকে মূলধন করে। এখানে ব্যক্তি নির্দেশ দিয়ে থাকেন তার ব্যক্তিগত পছন্দ বা অপছন্দের ভিত্তিতে।

- ❖ ব্যক্তিগত স্বেচ্ছাচারিতা, প্রচলিত প্রথা ও রীতিনীতি হল সনাতন বা সাবেকী কর্তৃত্বের চালিকাশক্তি।
- ❖ অতএব সাবেকী বা ঐতিহ্যগত কর্তৃত্ব হল নেতৃত্বের এমন একটি রূপ যেখানে একটি সংস্থা বা একটি শাসনের কর্তৃত্ব মূলত ঐতিহ্য বা প্রথার সঙ্গে যুক্ত থাকে।

**36 Charismatic Authority বা সম্মোহিনী কর্তৃত্বের সংজ্ঞা দাও।**

**Ans :** সম্মোহিনী কর্তৃত্বের মূল ভিত্তি হল ব্যক্তির অসাধারণ ক্ষমতা, যা ব্যক্তি অর্জন করে অবতাররূপে। বা যাদু শক্তিতে কিংবা ঈশ্বরের দান হিসাবে কিংবা বীরত্বের প্রতিকৃত হিসাবে।

- ❖ ব্যক্তিগত স্বেচ্ছাচারিতা, প্রচলিত প্রথা ও রীতিনীতি হল সনাতন বা সাবেকী কর্তৃত্বের চালিকাশক্তি।
- ❖ Max Weber গ্রীক শব্দ 'Charisma' কে এই কর্তৃত্বের ধারণা ব্যাখ্যা করেন। অবশ্য এই ধরণের কর্তৃত্বে ব্যক্তি অতিমানবীয়, অতি প্রাকৃত কিংবা ঐশ্বরিক ক্ষমতার অধীশ্বর হয়ে থাকেন এবং এই ধরণের গুণাবলী ব্যক্তিকে সাধারণ মানুষ থেকে পৃথক বা আলাদা করে।
- ❖ Charismatic বা সম্মোহিনী কর্তৃত্ব হল— নেতৃত্বের একটি ধারণা, যা জার্মান সমাজ বিজ্ঞানী ম্যাক্স ওয়েবারের দ্বারা বিকশিত হয়। এটি একধরণের সংস্কৃত বা নেতৃত্বের একটি প্রকারের সঙ্গে যুক্ত যেখানে কর্তৃত্ব নেতার ক্যারিশমা থেকে উদ্ভূত হয়।

**37 Legal rational Authority বা আইনসিদ্ধ যুক্তিবাদী কর্তৃত্ব বলতে কি বোঝায়?**

**Ans :** Legal rational Authority বা যৌক্তিক আইনি কর্তৃত্ব হল — নেতৃত্বের এমন একটি রূপ যেখানে কর্তৃত্বমূলক আইনি যৌক্তিকতা, আইনি বৈধতা এবং আমলাতন্ত্রের সঙ্গে আবদ্ধ।

❖ এই ধরণের কর্তৃত্বে আইনী বৈধতা প্রয়োজন। এখানে কর্তৃত্বে উন্নীত ব্যক্তি বা ব্যক্তিসংসদ নির্দেশ জারি করার অধিকারী। এখানে নির্দেশ প্রদানকারী কর্তৃপক্ষ আইনসিদ্ধ প্রক্রিয়ার দ্বারা নিযুক্ত বা নির্বাচিত হয়।

❖ এখানে আদেশ প্রদানকারী ও আদেশ মান্যকারী উভয়েই আইনগতভাবে সমান। ওয়েবার আইনগত রীতির উদ্ভবের পশ্চ্যাতে দুই প্রকার যৌক্তিকতার কথা উল্লেখ করেন। যথা— Substantive বা অস্তিত্বব্যঞ্জক এবং Formal বা আনুষ্ঠানিক।

**38** **'আমলাতন্ত্র' শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?**

**Ans :** ♦ ফরাসী অর্থনীতিবিদ De Gourney

♦ অষ্টাদশ শতাব্দীতে।

> **♦ NOTE :**
> অতঃপর J.S. Mill উনিশশতকে এই ধারণার প্রসার ঘটান। কিন্তু সুসংহত ও পদ্ধতিগতভাবে প্রশাসনে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কৃতিত্ব বা অবদান রাখতে সক্ষম হল ম্যাক্স ওয়েবার।

**39** **Max Weber কে অনুসরণ করে আমলাতন্ত্রের উদ্ভব ও বিকাশের দুটি কারণ উল্লেখ কর।**

**Ans :** [1] আধুনিক বৃহদাকার শিল্প বাণিজ্যিক প্রতিষ্ঠান ও কর্পোরেশন সমূহের উদ্ভব।

[2] আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশ, কারিগরী কৃতকৌশলের প্রসার।

[3] সঠিক ও যথাযথভাবে রাষ্ট্র পরিচালনার তাগিদ বা প্রয়োজন অনুভূতি।

**40** **Max Weber-এর আমলাতান্ত্রিক সংগঠনের দুটি আবিশ্যিক কাঠামো ও কার্য্যগত বৈশিষ্ট্যের উল্লেখ কর।**

**Ans :** [1] শ্রমবিভাজন বা বিশেষীকরণ

[2] স্তরবিন্যস্ত কাঠামো

[3] নিয়ম-কাঠামো।

**41** **Max Weber-এর আমলাতান্ত্রিক সংগঠনের ক্রিয়াকর্ম বা আচরণের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।**

**Ans :** [1] Rationality বা যৌক্তিকতা

[2] Impersonality বা নৈর্ব্যক্তিকতা

[3] Rule orientation বা নিয়মমুখীনতা

[4] Neutrality বা নিরপেক্ষতা।

**42** **Max Weber কে অনুসরণ করে রাষ্ট্রকৃত্যক (Civil Service) ও আমলাতন্ত্রের (Bureaucracy) পার্থক্য উল্লেখ কর।**

**Ans :** [1] রাষ্ট্রকৃত্যক সেবা হল — যৌথসেবার যুক্তি সিদ্ধ সমাজতাত্ত্বিক ধারণা

♦ পক্ষান্তরে আমলাতন্ত্র হল একটি সংগঠন যা আধুনিক যুগে বৃহদাকার সংগঠনের পরিচালনায় জটিল কার্যকে সুদক্ষভাবে সম্পাদন করে।

[2] আমলাতন্ত্রকে একটি যন্ত্ররূপে তুলনা করা যায়।

♦ কিন্তু অন্যান্য ধরণের সাংগঠনিক ক্রিয়াকলাপকে যন্ত্রের সঙ্গে তুলনা করা যায় না।

**43** **Max Weber-এর আদর্শভিত্তিক আমলাতন্ত্রের বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর।**

**Ans :** [1] সরকারী ক্রিয়াকলাপ ধারাবাহিকভাবে পরিচালিত হয়।

[2] প্রশাসনিক সংস্থা সুনির্দিষ্ট নিয়ম দ্বারা পরিচালিত হয়।

[3] প্রত্যেক কর্মী কর্তৃত্বের স্তরবিন্যাসের নীতি দ্বারা পরিচালিত হবে।

[4] দায়িত্ব সম্পাদনের ক্ষেত্রে কর্মীদের সম্পদের নিজস্ব মালিকানা থাকবে না, কিন্তু সরকারী সম্পদ ব্যবহারের ক্ষেত্রে যথেষ্ট দায়িশীলতা থাকবে।

[5] সরকারী ক্রিয়াকলাপ ও ব্যক্তিগত বিষয় পৃথকভাবে চিহ্নিত হবে। আরো উল্লেখ্য যে, সরকারী রাজস্ব এবং ব্যক্তিগত ব্যায় পৃথকভাবে চিহ্নিত হবে।

[6] প্রশাসনে লিখিত নথির ভিত্তিতে পরিচালিত হবে।

[7] সরকারী অফিস ব্যক্তিগত সম্পত্তি হিসেবে বিবেচিত হবে না এবং কর্মীরা এই সম্পত্তি বিক্রয় করতে পারবে না, এমন কি সম্পত্তির মালিকানার দাবিদার হতে পারবে না।

**44 Max Weber-এর মতে কর্তৃত্বের উপাদানগুলি কি?**

**Ans :** [1] একজন বা কয়েকজন নির্দিষ্ট ব্যক্তি শাসক।

[2] শাসকের ইচ্ছা হল আদেশ বা নির্দেশ যা নাগরিকবর্গের আচরণকে প্রভাবিত করে।

[3] শাসকের প্রভাব নির্ভর করে আদেশকে কার্যকর করার ওপর।

[4] শাসিতের উপর শাসকের প্রভাব ইত্যাদি।

> **◆ NOTE :**
> যদি কোনো বিভাগে একাধিক ব্যক্তির উপর কর্তৃত্ব ন্যস্ত থাকে তখন তাকে বোর্ড বা কমিশন বলে। কিন্তু যদি একজন ব্যক্তির ওপর কর্তৃত্ব ন্যস্ত থাকে তাহলে Bureau / ব্যুরো ব্যবস্থা বলা হয়। আর ব্যুরো থেকে ব্যুরোক্রেসি বা আমলাতন্ত্র আসে।

**45 Max Weber-এর আদর্শ আমলাতন্ত্রের গুরুত্বপূর্ণ দিক্‌গুলি উল্লেখ কর।**

**Ans :** [1] Bound by Rules বা আইনে বাঁধন।

[2] Sphere of Competence বা দক্ষতার ক্ষেত্র।

[3] Principle of hierarchy বা স্তরবিন্যাসের নীতি।

[4] Specialised Training বা বিশেষীভূত প্রক্রিয়া বা প্রশিক্ষণ।

[5] Impersonal order বা ব্যক্তি নিরপেক্ষ শৃঙ্খলা।

[6] Written Documents বা লিখিত নথিপত্র।

[7] Career and Service বা পেশা ও পদোন্নতি।

**46 Max Weber-এর আমলাতন্ত্রের দুটি সমালোচনা উল্লেখ কর।**

**Ans :** [1] মার্কিন সমাজতাত্ত্বিক M. Blau মনে করেন যে, ওয়েবারীয় আমলাতন্ত্রে যে উপাদান দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হয়, তা অনেক ক্ষেত্রে একই উপাদান সংগঠনের ভারসাম্যকে বিঘ্নিত করে।

[2] মার্কিন অধ্যাপক Chris Argysis-এর অভিমত অনুসারে, আমলাতন্ত্র ব্যক্তির মানসিক গতিরোধ করে এবং এর ফলে ব্যক্তির মনে ব্যর্থতা বা মানসিক দ্বন্দ্বের সৃষ্টি হয়।

[3] অধ্যাপক Nicos Mouzelis ওয়েবারের আমলাতন্ত্রকে যুক্তিসিদ্ধ ও দক্ষ বলে মেনে নিতে চান না। কেননা তাঁর আমলাতান্ত্রিক বৈশিষ্ট্যের দ্বারা মৌনধর্মী লক্ষ্য পূরণ সম্ভব নয়।

[4] Herbert Simon এবং Chester Bernard ওয়েবারে আমলাতন্ত্রের সমালোচনা করেন। তাঁরা মনে করেন যে, ওয়েবারীয় দৃষ্টিভঙ্গী অনুসরণ করলে প্রশাসনিক দক্ষতা হ্রাস পায়।

**47** **Max Weber-এর আমলাতন্ত্রের দুটি গুরুত্ব বা উপযোগিতা উল্লেখ কর।**

**Ans :** [1] প্রশাসনের কাজকর্ম পরিচালনায় সঠিক ও যথাযথ যুক্তিবোধ ও নীতিবোধে প্রয়োগের প্রতি গুরুত্ব আরোপ।

[2] প্রশাসনে পেশাগত উৎকর্ষতা সৃষ্টি করা।

[3] ওয়েবার অতীতের ভাগ বাঁটোয়ারা ও পৃষ্ঠপোষকতার নীতিতে পরিচালিত দুর্নীতিগ্রস্ত, কর্তৃত্ববাদী জনবিমুখ সামন্ততান্ত্রিক প্রশাসনকে মুক্ত করে আধুনিক করে তোলেন।

**48** **কার আমলাতান্ত্রিক তত্ত্ব প্রশাসনিক সংগঠনের প্রগতিশীল তত্ত্ব বলে পরিগণিত হয়?**

**Ans :** Max Weber -এর আমলাতন্ত্র।

**49** **দু-জন আচরণবাদী প্রশাসন তাত্ত্বিকের নাম উল্লেখ কর।**

**Ans :** হার্বার্ট সাইমন ও চেস্টার বার্নাড।

**50** **Max Weber প্রণীত দুটি গ্রন্থের নাম লেখ।**

**Ans :** [1] The Protestant Ethic and The Spirit of Capitalism (1904)

[2] Economy and Society (1922)

[3] Politics as a vocation (1919)

◆ **NOTE :**

**Responsibility বা দায়িত্ব ঃ**

- জনপ্রশাসনে দায়িত্ব বলতে বোঝায় অধীনস্থ থাকা।
- দায়িত্বের দুটি দিক রয়েছে। যথা নেতিবাচক ও ইতিবাচক।
- নেতিবাচক অর্থে দায়িত্ব হল কাজের হিসাবপত্র নিয়ে অঙ্গীকারবদ্ধ থাকা।
- আর ইতিবাচক অর্থে দায়িত্ব হল এক ধরণের অঙ্গীকার পূরণের জন্য আত্মতৃপ্তি।
- আবার রাজনৈতিক ভাবনায় দায়িত্ব হচ্ছে নেতিবাচক।
- রাজনীতিতে দায়িত্বশীলতা বলতে বোঝায় আইনসভার প্রতি কিংবা রাষ্ট্রপতির প্রতি সরকারের দায়বদ্ধতা।
- কিন্তু জনপ্রশাসনে দায়িত্বের অর্থ হচ্ছে ইতিবাচক।

কয়েকটি উল্লেখযোগ্য গ্রন্থ ঃ

[i] F.W. Taylor - "Principles of Scientific Management" (1911).

[ii] Henry Fayol - "General and Industrial Management" (অনুবাদ হয় ইংরেজিতে) (1949). এটি ফরাসী ভাষায় প্রকাশ হয় (1916).

[iii] Herbert Simon - "Administrative Behaviour (1947)

[iv] William H. Whyte - "The Organisation Man" (1956)

[v] L. Urwick - "The Elements of Administration" (1944)

[vi] Luther Gullick - "Politics Administration and the New Deal" (1933)

**51** **দায়িত্ব সম্পর্কে দুটি নীতি উল্লেখ কর।**

**Ans :** [1] প্রত্যেক প্রশাসককে সুনির্দিষ্ট ও স্পষ্ট দায়িত্ব বহন করতে হয়।

[2] Authority বা কর্তৃত্ব অনুসারে সমপরিমাণ দায়িত্ব বহন করা উচিত।

[3] বিচার বিবেচনা না করে কোন পদাধিকারী ব্যক্তির দায়িত্ব পরিবর্তন করা উচিত নয়।

[4] কোনো প্রশাসক কিংবা কর্মী একটি পদের অধিকারী হলে তাঁকে বিভিন্ন দপ্তরের বা কর্তৃপক্ষের আদেশ যেন ব করতে না হয়।

[5] একজন দায়িত্বশীল প্রশাসককে অতিক্রম করে তাঁর অধীনস্থ কর্মীকে যেন কোনো আদেশ প্রদান না করা হয়।

**52** **সময় ও গতির সমীক্ষার উদ্ভাবক কে ছিলেন?**

**Ans :** F.W. Taylor

**53** **Speed Boss বলতে টেলর কি বুঝিয়েছেন?**

**Ans :** Speed Boss লক্ষ্য করে যে, অনুমোদিত প্রক্রিয়ায় কাজটি সম্পন্ন হচ্ছে কিনা এবং এক্ষেত্রে ব্যর্থতা দেখা দিলে তার কারণ অনুসন্ধান করে নির্ধারিত সময়ের মধ্যে যাতে কাজটি সম্পন্ন কার যায় তার ব্যবস্থা করে থাকে।

**54** **Instruction Card বলতে টেলর কি বুঝিয়েছেন?**

**Ans :** কর্মীদের Instruction Card (অর্থ হল নির্দেশপত্র) প্রদান এবং সংগঠনে কাজের প্রক্রিয়াকে গতিশীল রাখা।

**55** **Inspection Foreman বলতে টেলর কি বুঝিয়েছেন?**

**Ans :** সঠিক মান অনুযায়ী দ্রব্য উৎপাদিত হয়েছে কিনা তা বিশ্লেষণ করে দেখা।

**56** **Gang Boss বলতে টেলর কি বুঝিয়েছেন?**

**Ans :** Gang Boss -এর দায়িত্ব হল কাজকে সুনিশ্চিত করা।

**57** **হেনরি ফেয়লের 'General and Industrial Management' কবে ইংরেজিতে অনুমদিত হয়?**

**Ans :** 1949 সালে।

**58** **হেনরি ফেয়ল কবে এবং কি জন্য নোবেল পুরস্কার লাভ করেন?**

**Ans :** 1921 সালে। ধাতুবিদ্যায় গবেষণার জন্য।

**59** **Span of Control বা নিয়ন্ত্রণের বিস্তার বা পরিধি ধারণাটি কে উল্লেখ করেন?**

**Ans :** লুথার গ্যালিক এবং এল. আরউইক।

**60** **Max Weber -এর তিনটি কর্তৃত্বের ধারণা উল্লেখ কর।**

**Ans :** [1] Traditional Authority বা সাবেকী কর্তৃত্ব।

[2] Charismatic Authority বা সম্মোহিনী কর্তৃত্ব।

এবং [3] Legal rational Authority বা আইনসিদ্ধ যুক্তিবাদী কর্তৃত্ব বা যৌক্তিক আইনী কর্তৃত্ব।

**61** **Supervision বা তদারকি বলতে কি বোঝায়?**

**Ans :**
- সরকারী বা বেসরকারী সমস্ত ধরণের প্রশাসনিক সংস্থাতে তদারকি বা তত্ত্বাবধান হল অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্তর বিন্যস্ত প্রশাসনিক কাঠামোর একটি বিশেষ অর্থ হল তদারকি।
- অবশ্য তদারকি বা তত্ত্বাবধানকে পরিদর্শন কিংবা তদন্ত বলা যায় না। কেননা — পরিদর্শন বা তদন্ত হল তদারকি কাজের একটি বিশেষ অংশ।
- কিন্তু তদারকি বলতে বোঝায় — ঠিক কাজের জন্য ঠিক লোক খুঁজে বের করা। এবং তাঁর মধ্যে কাজের আগ্রহ সৃষ্টি করে কাজ করতে শেখানো এবং কাজের জন্য যোগ্য করে তোলা। এবং প্রয়োজনে ভুল বা ত্রুটি সংশোধন করে দেওয়া।

**62** **কয়েকটি তদারকি কৌশলের কথা উল্লেখ কর।**

**Ans :** [1] প্রতিটি প্রকল্পের পূর্ব অনুমোদন।

[2] কার্য্যের নির্দিষ্ট মান নির্ধারণ।

[3] কার্য্যের পরিধি সম্পর্কে বাজেট প্রনয়ণ।

Herbert Simon তাঁর আচরণবিকল্প মডেল যেভাবে প্রশাসকের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে ব্যাখ্যা করেন তা লক্ষ্য করলে বোঝা যায় যে তিনি খুব সচেতনভাবে Welfare Economics পদ্ধতি অনুসরণ করেন। আরো উল্লেখ্য যে সর্বাধিক পরিমাণে উপকৃত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ফলাফলকে বেছে নেওয়া বিশেষভাবে প্রয়োজন তিনি আরোও মনে করেন যে যুক্তিসিদ্ধতা নীতি অনুসারে প্রতিটি সিদ্ধান্তকে কেন্দ্রীয়ভাবে গ্রহণ করা জরুরী কেননা একটি প্রতিষ্ঠানের বিভিন্ন অংশ পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত।

**উপসংহার :**

পরিশেষে উল্লেখ্য যে পিটার সেলফ Herbert-Simon-এর তত্ত্বের মূল্য বিচার করে উল্লেখ করেন যে—

[i] Simon এর তত্ত্ব বাস্তব সিদ্ধান্ত গ্রহণের ধারণাকে প্রসারিত করে।

[ii] তার এই তত্ত্ব প্রশাসনিক কৌশল সম্পর্কে ধারণা লাভে ও সহায়তা করে।

[iii] তার এই তত্ত্ব সমাজতাত্ত্বিক বিশ্লেষণও বটে। বিশেষ করে তার এই তত্ত্ব জনপ্রশাসনে আচরণবাদী তত্ত্ব বিকাশে সহায়তা করেছে।

Dwight Waldo Simon এর এই তত্ত্বকে মৌলিক ও রক্ষণশীল বলে চিহ্নিত করেছেন। তার তত্ত্ব এই অর্থে মৌলিক যে এখানে রাজনীতি প্রশাসনের বিভেদকে অগ্রাহ্য করা হয়েছে। আবার রক্ষণশীল এই অর্থে যে জনপ্রশাসনের সনাতন বা ঐতিহ্যগত বিশ্বাস বা ধারণার প্রতি পুরোপুরি আস্থা হারায়নি।

অতএব Herbert Simon সর্বপ্রথম দৃষ্টি আকর্ষণ করেন যে, যুক্তি ও বিজ্ঞানের পথে সঠিক ও যথাযথভাবে পরিচালনা করা সম্ভব।

## এক নজরে ❖ প্রশ্নোত্তরে

> ◆ **NOTE :**
>
> **Elton Mayo : The Human Relations Approach :**
> George Elton Mayo (1880 - 1949) একজন Australian Psychologist, 1897 অস্ট্রেলিয়ার অ্যাডিলেড শহরে পড়াশোনার পর তিনি চিকিৎসাশাস্ত্র অধ্যয়নের জন্য স্কটল্যান্ডের এডিন জর্জ University তে ভর্তি হন। কিন্তু চিকিৎসাক্ষেত্রে তাঁর অনীহার কারণে 1907 সালে পুনরায় Philosophy ও Psychology নিয়ে পড়াশোনা করেন। অতঃপর 1911 সালে কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়ে Mental and Moral Philosophy-র Lecturer পদে যোগদান করেন এবং পরবর্তী সময়ে Industrial Researcher হিসাবে তাঁর পারদর্শিতা লক্ষ্য করা যায়

**1 Human Relations Theory বা মানবিক সম্পর্কের তত্ত্বের মূল প্রতিপাদ্য বিষয় কি?**

**Ans :** ♦ সাবেকী বা চিরায়ত তত্ত্বের সংগঠনের নীতি উদ্ভাবনের সম্পূর্ণ বিপরীত তত্ত্ব হল "Human Relations Theory" মানবিক সম্পর্কের তত্ত্ব।

♦ মানবিক বা মানবীয় সম্পর্কের তত্ত্বের মূল প্রতিপাদ্য বিষয় হল মানুষ এবং মানুষের মনস্তাত্ত্বিক এবং গোষ্ঠীর অ-আনুষ্ঠানিক আচার-আচরণ।

♦ মানবিক সম্পর্ক তত্ত্ব অনুসারে 'পরিচালনা' হল এক আন্তঃসম্পর্কের বেড়াজাল। এই তত্ত্ব সংগঠনের আনুষ্ঠানিক কাঠামোর পরিবর্তে ব্যক্তি বা গোষ্ঠীর আচরণের ওপর অধিক গুরুত্ব আরোপ করে।

**2 Human Relations Theory অর্থাৎ মানবিক বা মানবীয় সম্পর্ক তত্ত্বের উদ্ভব কবে এবং কিরূপ পরিস্থিতিতে গড়ে ওঠে?**

**Ans :** ♦ মানবিক সম্পর্কতত্ত্বের উদ্ভব হয় — বিশ শতকের দ্বিতীয় দশকের শেষ এবং তৃতীয় দশকের শুরুতে।

♦ এই পর্বে George Elton Mayo এবং তাঁর হাভার্ড বাণিজ্য - শিক্ষাকেন্দ্রের সহকর্মীদের দ্বারা পরিচালিত হা থ্রোন কারখানার উপর পরীক্ষা থেকে Human Relations Theory-র উৎপত্তি হয়।

♦ হাথ্রোনে অবস্থিত Western Electric Company-র উপর পরীক্ষামূলক গবেষণা জন-প্রশাসন শাস্ত্রে প্রশাসনিক সংগঠনের তত্ত্বে একটি যুগান্তকারী ঘটনা। কেননা, এই পরীক্ষার মধ্য দিয়ে মানবিক সম্পর্কের তত্ত্ব জন-প্রশাসন শাস্ত্রে প্রচলিত হয়।

**3 হাথ্রোন পরীক্ষা কি?**

**Ans :** ♦ হাথ্রোন পরীক্ষায় কয়েকটি উল্লেখযোগ্য তথ্য উদ্ভাসিত হয়। এখানে উল্লেখ্য যে, চুক্তি প্রথাতে কাজ চালু করা সত্ত্বেও শ্রমিক কর্মচারীরা একটি নির্দিষ্ট পরিমাণ আয় অর্জন করার পর তার আর বেশি পরিমাণে কার্য্য করতে আগ্রহী হয় না। কেননা তাঁরা মনে করতো যে, অতিরিক্ত উৎপাদন ঘটলে শ্রমিক কর্মচারী ছাঁটাই হওয়ার সম্ভাবনা সৃষ্টি হতে পারে। তাই শ্রমিক কর্মচারীরা নিজেরাই নিজেদের তৈরি সর্বজন স্বীকৃত অঘোষিত নীতি দ্বারা পরিচালিত হয়ে নিজেদেরকে একটি সু-সংগঠিত গোষ্ঠীরূপে টিকিয়ে রাখে।

♦ আবার, হাথ্রোন পরীক্ষায় আরও একটি তথ্য প্রমাণিত হয় যে, নারী শ্রমিকদেরকে যেরকম অবস্থাতেই কার্য্য করতে দেওয়া হোক না কেন, নারী-শ্রমিক দ্বারা উৎপাদনের পরিমাণের হার ক্রমাগত বৃদ্ধি পেতে থাকে।

♦ অতএব, এর দ্বারা প্রমাণিত হয় যে, কাজের পরিবেশ ও শর্তাবলীর সঙ্গে কাজের মোট পরিমাণ ও গুণমাণের মধ্যে নির্দিষ্ট সম্পর্ক নেই।

**◆ NOTE :**

❖ হাথ্রোন পরীক্ষা-নিরীক্ষার দ্বারা আরো প্রমাণিত হয় যে অর্থনৈতিক বিষয় ছাড়া আরোও অন্যান্য বিষয় দ্বারা বিশেষ করে সামাজিক পরিবেশ দ্বারা ব্যক্তি মানুষ বিশেষভাবে প্রভাবিত হয়।

❖ হাথ্রোন পরীক্ষা দ্বারা একথা প্রমাণিত হয়েছে যে, প্রশাসনিক সংগঠনসমূহ হল চিন্তাশীল ও ক্রিয়াশীল ব্যক্তিদের নিয়ে গঠিত একটি সমাজ-ব্যবস্থা।

**4 Human Relations Theory বা মানবিক সম্পর্ক তত্ত্বের দু-জন প্রবক্তার নাম উল্লেখ কর।**

**Ans :** George Elton Mayo এবং Robert K. Marton

**5 Human Relations Theory-র তাত্ত্বিকেরা মূল কোন প্রক্রিয়ার ওপর গুরুত্ব আরোপ করেন?**

**Ans :** ♦ মনস্তাত্ত্বিক প্রক্রিয়ার ওপর।

♦ যেমন — উপলব্ধি, শিক্ষণ, প্রেষণা ইত্যাদি।

♦ এই তত্ত্বের প্রক্তারা মনে করেন যে, যান্ত্রিক উপাদানের পরিবর্তে মনস্তাত্ত্বিক বিষয় দ্বারা শ্রমিক-কর্মচারীদের ব্যক্তিত্ব অধিক পরিমাণে গঠিত হয়।

**6 Human Relations Theory-র উপর রচিত দুটি গ্রন্থের নাম উল্লেখ কর।**

**Ans :** ♦ কেইথ ডেভিসের — "Human Relations of work".

♦ এ. এইচ. ম্যাথালোর — "A Theory of Human Motivation"

♦ এ. বাভেলানোর — "Leadership : Man and Function"

♦ লিওনার্ড থেলেস এর — "The Change Process in Organisation".

**7 Elton Mayo রচিত দুটি গ্রন্থের নাম লেখ।**

**Ans :** [1] The Human problems of an Industrial Civilization (1933)

[2] Democracy and Freedom (1923 সালের পূর্বে)

[3] The Social Problems of an Industrial Civilisation (1949)

[4] The Psychology of Pierre Janet (1948)

**8** **হাথোন সমীক্ষার মূল প্রতিপাদ্য বিষয় উল্লেখ কর।**

**Ans :** ♦ হাথোন সমীক্ষার মূল প্রতিপাদ্য বিষয় হল— একজন কর্মীর উৎপাদনের পরিমাপ তার শারিরীকক্ষমতার ওপর নির্ভর করে না, বরং সামাজিক বন্ধনের ওপর নির্ভর করে। এখানে উল্লেখ্য যে, অর্থ-বহির্ভূত পুরস্কার এবং অনুমোদন কর্মীবৃন্দের আচরণকে ব্যাপকভাবে প্রভাবিত করে।

♦ কোনো কর্মী পরিচালনের বিরুদ্ধে কিরূপ প্রতিক্রিয়া দেয় গোষ্ঠীগতভাবে, ব্যক্তিগতভাবে নয়। কর্মীবৃন্দের আচরণের ক্ষেত্রে যোগাযোগ, অংশগ্রহণ ও নেতৃত্বের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

♦ হাথোন সমীক্ষার ফলে Elton Mayo এই সিদ্ধান্তে আসেন যে, পরিচালনের ক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তির সহযোগিতামূলক মনোভাবকে গুরুত্ব প্রদান করে সংগঠনের নতুন সামাজিক শৃঙ্খলা বিকশিত করবে।

**9** **Human Relations Theory-র সঙ্গে কার নাম সর্বাপেক্ষা উল্লেখযোগ্য?**

**Ans :** George Elton Mayo-র।

**10** **Elton Mayo-র অভিমত অনুসারে কোন বিষয়গুলি সাংগঠনিক তত্ত্বকে সমৃদ্ধ করে?**

**Ans :** গোষ্ঠী মানসিকতা, নেতৃত্ব প্রদান, সংযোগসাধন এবং কর্মপদ্ধতি ইত্যাদি।

**11** **George Elton Mayo-র Human Relations Theory-র দুটি সমালোচনা উল্লেখ কর।**

**Ans :** [1] Peter Drucker -এর অভিমত অনুসারে, Elton Mayo-র মানবিক তত্ত্ব অর্থনৈতিক দিককে উপেক্ষা করেছে।

[2] এই তত্ত্বে Elton Mayo এবং তাঁর গোষ্ঠী কার্য্যের প্রকৃতিকে গুরুত্ব না দিয়ে ব্যক্তিগত সম্পর্কের ওপর জোর দিয়েছেন।

[3] এই তত্ত্বে শ্রমিক-বিক্ষোভকে অস্বীকার করা হয়েছে।

[4] Human Relations Theory তে মালিক শ্রেণী বা পরিচালক কর্তা শ্রমিক কর্মচারীকে শোষণ করার জন্য ব্যবহার করতে পারে।

[5] এই তত্ত্বে শ্রমিক ও পরিচালকের দ্বন্দ্বের বিষয়টিকে খাটো করে দেখা হয়েছে।

[6] এই তত্ত্ব ট্রেড-ইউনিয়ন বিরোধী।

**12** **Human Relations Theory-র দুটি গুরুত্ব বা উপযোগিতা উল্লেখ কর।**

**Ans :** [1] সংগঠনের সামাজিক সম্পর্কের ওপর গুরুত্ব প্রদান করা হয়।

[2] পৃথকভাবে সামাজিক ও মনস্তাত্ত্বিক দিককে বিশেষ প্রাধান্য দেওয়া হয়েছে।

[3] এই তত্ত্ব বা দৃষ্টিভঙ্গী পরিচালনশাস্ত্র ও জনপ্রশাসনে নতুন দিশা দেখাতে সক্ষম হবে।

**13** **সাবেকী তত্ত্ব ও মানবিক সম্পর্কের তত্ত্বের দুটি পার্থক্য বা তুলনা উল্লেখ কর।**

**Ans :** ♦ সাদৃশ্য বা মিল ঃ

[1] উভয়তত্ত্ব পরস্পর বিরোধী হলেও সংগঠনের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে উভয়ের মধ্যে সাদৃশ্য বিদ্যমান।

[2] উভয় তত্ত্বে মিতব্যয়িতা ও দক্ষতা অর্জন এবং পরিচালনায় বৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ লক্ষ্য করা যায়।

♦ পার্থক্য বা বৈসাদৃশ্য ঃ

[1] সাবেকী তত্ত্বে শ্রমিকের প্রেষণা শক্তির ওপর গুরুত্ব আরোপ করা হয়।

কিন্তু মানবিক সম্পর্ক তত্ত্বে শ্রমিক-কর্মচারী ও মালিক-পরিচালকবর্গের আশা-আকাঙ্খার ওপর গুরুত্ব দেওয়া হয়।

[2] সাবেকী তত্ত্বে সংগঠনের পরিবর্তন বলতে বোঝানো হয় সংগঠনের আনুষ্ঠানিক কাঠামোর পরিবর্তন।

পক্ষান্তরে, Human Relations Theory তে পরিবর্তন বলতে বোঝানো হয় — অ-আনুষ্ঠানিক গোষ্ঠীসমূহের প্রকৃতিতে পরিবর্তন।

(উপরিউক্ত পার্থক্য সত্ত্বেও সাবেকী তত্ত্ব ও মানবিক সম্পর্কতত্ত্ব প্রশাসনিক চিন্তার বিকাশে নিজ নিজ অবদান রাখতে সক্ষম হয়েছে এবং উভয়েই প্রশাসনিক তত্ত্ব ও প্রয়োগের ক্ষেত্রকে সমৃদ্ধ করে তুলেছে।)

**◆ NOTE :**

সাবেকী বা চিরায়ত তত্ত্ব যেখানে শেষ হয়েছে, সেখান থেকে শুরু হয়েছে মানবিক সম্পর্কের তত্ত্ব।

**14 মানবিক সম্পর্কতত্ত্ব কোন কোন বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করে?**

**Ans :** নেতৃত্ব, নৈতিকতা, প্রেষণা, অ-আনুষ্ঠানিক গোষ্ঠী, অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশ ইত্যাদি।

**15 কোন তত্ত্ব বা দৃষ্টিভঙ্গী অভিজ্ঞতাবাদী ও আচারণবাদী পদ্ধতি ও দৃষ্টিভঙ্গীতে প্রশাসনশাস্ত্রের আলোচনায় নতুন দিগন্ত উন্মোচিত করেছে?**

**Ans :** Human Relations Theory বা মানবিক সম্পর্কের তত্ত্ব।

**16 কোন তত্ত্বকে ব্যবস্থাজ্ঞাপক দৃষ্টিভঙ্গী ও পরিবেশগত দৃষ্টিভঙ্গীর পূর্বাভাষ বলা যায়?**

**Ans :** Human Relations Theory বা মানবিক সম্পর্কের তত্ত্ব।

**17 কে Elton Mayo-র তত্ত্বকে মানবিক সম্পর্কের ক্ষেত্রে অন্যতম অগ্রগণ্য তত্ত্ব হিসাবে স্বীকৃতি প্রদান করেছেন?**

**Ans :** Peter Drucker / পিটার ড্রাকার।

**18 কাকে Human Relations Theory-র জনক বলে চিহ্নিত করা হয়?**

**Ans :** George Elton Mayo-র কে।

**19 Horthorne Experiment কোথায় হয়?**

**Ans :** USA-র শিকাগো শহরের Western Electric Company-র Horthorne Plant তে।

**20 Horthorne Experiment কবে সংঘটিত হয়?**

**Ans :** 1924 - 1932 সাল পর্যন্ত।

**21 Horthorne Experiment-এর পর্যায়গুলি উল্লেখ কর।**

**Ans :** [1] Illumination Experiment (1924 - 27)

[2] Relay Assembly Test Room Experiment (1927 - 28)

[3] Mass Interviewing Programme (1928 - 30)

[4] Bank wiring Observation Room Experiment (1930 - 32)

**22 Elton Mayo কোন গ্রন্থে Human Relation Theory সম্পর্কে আলোচনা করেছেন?**

**Ans :** Management and Worker (1941) নামক গ্রন্থে।